

🗏 আস-সাফফাত | As-Saffat | ী الصَّافَّات

আয়াতঃ ৩৭: ৪৯

আরবি মূল আয়াত:

كَانَّهُنَّ بَيضٌ مَّكنُونٌ ﴿٢٩﴾

তারা যেন আচ্ছাদিত ডিম। — আল-বায়ান

তারা যেন সযতে ঢেকে রাখা ডিম। — তাইসিরুল

তারা **যেন সুরক্ষিত ডিম্ব**। — মুজিবুর রহমান

As if they were [delicate] eggs, well-protected. — Sahih International

৪৯. তারা যেন সুরক্ষিত ডিম্ব।(১)

(১) এখানে জান্নাতের হুরীগণের তৃতীয় গুণ বর্ণিত হয়েছে। তাদেরকে সুরক্ষিত ডিমের সাথে তুলনা করা হয়েছে। আরবদের কাছে এই তুলনা প্রসিদ্ধ ও সুবিদিত ছিল। যে ডিম পাখার নিচে লুকানো থাকে, তা এমনই সুরক্ষিত থাকে যে, এর উপর বাইরের ধূলিকণার কোন প্রভাব পড়ে না। ফলে তা খুব স্বচ্ছ ও পরিচছন্ন থাকে। এছাড়া এর রঙ সাদা হলুদাভ হয়ে থাকে; যা আরবদের কাছে মহিলাদের সর্বাধিক চিত্তাকর্ষক রঙ হিসেবে গণ্য হত। তাই এর সাথে তুলনা করা হয়েছে। [দেখুন: তাবারী; আদওয়াউল বায়ান]

তাফসীরে জাকারিয়া

(৪৯) যেন তারা গৌরবর্ণ সুরক্ষিত ডিম। [1]

[1] উটপাখী তার ডানার নিচে নিজ ডিমকে লুকিয়ে রাখে। যার ফলে তা হাওয়া এবং ধুলো-মাটি থেকে বেঁচে যায়। বলা হয় যে, উটপাখীর ডিমের রঙ খুব সুন্দর ও সুদর্শন হয়, যা হলুদ মিশ্রিত সাদা হয়। আর এই রঙকে মানুষের রূপ-জগতে সর্বোৎকৃষ্ট ভাবা হয়। পরন্তু সুরক্ষিত ডিমের সাথে এই সাদৃশ্য শুধু সাদা হওয়ার জন্য নয়; বরং (কাঁচা হলুদ বা সোনালী রঙ মিশ্রিত গৌরবর্ণ) সুন্দর রঙ এবং রূপ হওয়ার দিক দিয়েও।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3837

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন